

পিকনিক

হাওয়াদের কথা আগেও হয়েছে।
আজ বালি বালি জল আর রোদ্দুরের
কথা, এক মুঠো বালির ভেতর
বাঁধা ছিল নিঃশ্বাস। ঝুরো কণা
থেকে বেছে নিয়েছি অত্নের ঝলক।
জলের স্রোত বেশী নয়, তবুও ভাসিয়ে
নিয়েছে কিছু পিপাসা। মধ্যাহ্নের রোদ
গেয়ে গেলো কিছু চেনা শোনা গান।
আরও বলেছে, ‘বালি থেকে ছেঁকে
নাও মুক্তশ্বাস সাথে পাবে কিছু
আর্দ্রতাও।’

সুমিতা নন্দী